# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা।

নভেম্বর ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ১১/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৯-১১-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ সময় সভার সভাপতি মহোদয় বলেন যে, এ উপজেলার কুশুলিয়া ও রতনপুর ইউনিয়নে এলজিইডি বিভাগের ২টি গোডাউন আছে। গোডাউন দুইটির অবকাঠামো বিষয়ে এবং কারা কিভাবে ব্যবহার করছে এবিষয়টি উপজেলা পরিষদের নিকট অজানা। তাই এ সংক্রান্ত সকল তথ্য আগামী সভায় উপস্থাপন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | এলজিইডি বিভাগের গোডাউন অবকাঠামো বিষয়ে এবং কারা কিভাবে ব্যবহার করছে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পরবর্তী সভায় লিখিতভাবে জানানোর জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র উপজেলায় সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ১০টি নতুন ক্লাস্টার গঠনের লক্ষ্যে খামার/চাষীদের তালিকা প্রস্তুত করা হয়েছে। অতি দ্রুত সময়ের মধ্যে উক্ত ১০টি ক্লাষ্টারে তালিকা উপজেলা চিংড়ি সম্পদ উন্নয়ন কমিটি কর্তৃক অনমোদন ও ব্যবসায়িক পরিকল্পনা প্রস্তুতপূর্বক ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। এছাড়া আগামী ৭-১৫ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ মধ্যে UE DG sante Audit Team সরেজমিনে মাঠ পর্যায় হতে শুরু করে উৎপাদনের প্রতিটি ধাপে কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবে। এজন্য এ উপজেলার প্রতিটি ইউনিয়নে মৎস্য রপ্তানি পণ্য চিংড়ি মাছে অবৈধ পুশ না করার জন্য ব্যবসায়ীসহ সকলকে সচেতন করে প্রচার প্রচারণা করে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ক্লাষ্টার গঠনের লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন থেকে মৎস্য চাষীদের নামের তালিকা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। সংশ্লিষ্ট সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ। |

| | | |
|---|---|---|
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাহিরে জলাবদ্ধতা সমস্যার সমাধান করা সম্ভব হচ্ছে না। এজন্য সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে এ্যাম্বুলেন্সের ড্রাইভার না থাকায় রোগী পরিবহনের মারাত্মক সমস্যা সৃষ্টি হচ্ছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্স চালানোর জন্য একজন ড্রাইভার এবং স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশনের জন্য একজন বিশেষজ্ঞ এনেস্থিসিয়া ও একজন বিশেষজ্ঞ সার্জন নিয়োগ দেওয়ার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ সহ সাতক্ষীরা সিভিল সার্জন বরাবর পত্র প্রেরণের জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্স চালানোর জন্য একজন ড্রাইভার এবং স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশনের জন্য একজন বিশেষজ্ঞ এনেস্থিসিয়া ও একজন বিশেষজ্ঞ সার্জন নিয়োগ দেওয়ার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ সহ সাতক্ষীরা সিভিল সার্জন বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিগঞ্জ,সাতক্ষীরা। |
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৪৬১০ জন কৃষককে বিনামূল্যে বিভিন্ন রকম উপকরণ সরিষা ফসলে ১৮০০ জন, গম ফসলে ১৫০ জন, সূর্যমুখী ফসলে ১০০ জন, ভূট্টা ফসলে ৬০ জন এবং বোরো (হাইব্রিড) ফসলে ১২০০ জন ও বোরে উফসী ফসলে ৩০০০ জন কে সহায়তা দেওয়া হয়। চলতি বছরে কুশুলিয়া ইউনিয়নে ৫০ একর জমিতে সমলয় চাষাবাদ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA) কর্তৃক বীজ সহায়তায় ধান ৩৫০০ কেজি ও সরিষা ৫০০ কেজি বিতরণ করা হয়। কালিগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন পরিষদে যন্ত্রপাতি বিতরণ করা হয়, এলএলপি ১২টি, ইসি মিটার ১২টি ও পাওয়ার স্পেয়ার ৭টি। কালিগঞ্জ উপজেলায় একটি ভার্মি কম্পোস্ট গ্রাম স্থাপন করা সহ স্বাদু পানি সংরক্ষণ করার জন্য যে সকল ইউনিয়নের খালগুলোতে বারিড পাইপ স্থাপন করা প্রয়োজন সে সকল খালের তালিকা অতিদ্রুত উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় একটি ভার্মি কম্পোস্ট গ্রাম স্থাপন করা সহ স্বাদু পানি সংরক্ষণ করার জন্য যে সকল ইউনিয়নের খালগুলোতে বারিড পাইপ স্থাপন করা প্রয়োজন সে সকল খালের তালিকা অতিদ্রুত উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তারালি ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্রটি পরিদর্শন করে উন্নতজাতের ঘাসের প্লট তৈরির কার্যক্রম অব্যহত আছে। উক্ত ইউনিয়নে প্রাণিসম্পদ সেবা কেন্দ্রে কৃত্রিম প্রজনন, ভ্যাকসিন এবং খামারি পরামর্শ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ইউনিয়নে ল্যাম্প স্কিন ডিজিজ বিক্ষিপ্তভাবে দেখা দিচ্ছে। এজন্য খামারিদের নিয়ে ল্যাম্প স্কিন ডিজিজ সম্পর্কে জনসচেতনতা লক্ষ্যে উঠান বৈঠক ও ভ্যাকসিনেশন ক্যাম্পিং করা হচ্ছে। আশ্রয়নের প্রকল্পের জীবনমান উন্নয়নের লক্ষ্যে গবাদি পশু পালনের জন্য উঠান বৈঠকের মাধ্যমে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আশ্রয়নের প্রকল্পে বসবাসকারীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ও বিভিন্ন ইউনিয়নে গবাদি পশু পালনের জন্য উঠান বৈঠকের মাধ্যমে খামারীদের উদ্বুদ্ধ করা সহ নতুন নতুন খামারী তৈরি করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে বিভিন্ন ইনোভেশন কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, আগামী ১লা জানুয়ারী সারাদেশের ন্যায় এ উপজেলায় প্রাক প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সকল শিক্ষার্থীদের হাতে উৎসবমুখর পরিবেশে বই বিতরণ করা হবে। উক্ত বই বিতরণ অনুষ্ঠানে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১লা জানুয়ারীতে উৎসবমুখর পরিবেশে বই বিতরণ কার্যক্রম যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে বিষয়ে সজাগ থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাল্য বিবাহ, নারীর প্রতি সহিংসতা, মানব পাচার, ইভটিজিং, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও যৌতুক প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে নলতা, রতনপুর, এবং বিষ্ণুপুর ইউনিয়নে সচেতনমূলক উঠান বৈঠক করা হয়েছে। ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রে নভেম্বর/২৩ মাসে ৫টি ইউনিয়নে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা। |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, ১লা জানুয়ারি থেকে সারাদেশে একযোগে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে নতুন বই বিতরণ করা হবে। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে প্রায় সকল স্কুলে বই পৌছানো কার্যক্রম চলমান আছে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে পর্যায়ক্রমে নতুন কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা। |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, প্রতিদিন বিভিন্ন ইউনিয়ন থেকে অসংখ্য ভাতাভোগী বিভিন্ন সমস্যায় উপজেলা সমাজসেবা কার্যালয়ের সামনে এসে ভিড় করেন তাই ভাতাভোগীদের সমস্যার সমাধানের জন্য প্রতিটি ইউনিয়নে সপ্তাহে ১দিন করে দিন ধার্য করা যায় কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ভাতাভোগীদের সমস্যার সমাধানের জন্য প্রতিটি ইউনিয়নে সপ্তাহে ১দিন করে দিন ধার্য করা যায় কিনা সে বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার ও ইউনিয়ন চেয়ারম্যানগণকে যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের ঋণদান কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে সর্বমোট ১০ কিঃমিঃ রাস্তার পার্শ্বে বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষ দ্বারা বনায়ন করা হবে। যে সকল ইউনিয়নে বনায়ন উপযোগী রাস্তা আছে তার নামের তালিকা অতিদ্রুত উপজেলা বনবিভাগে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় যে সকল ইউনিয়নে বনায়ন উপযোগী রাস্তা আছে তার নামের তালিকা অতিদ্রুত উপজেলা বনবিভাগে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা বা প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসারকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, কালিগঞ্জ উপজেলার নির্ধারিত ৪টি নমুনা এলাকায় অনলাইন অ্যাপসের মাধ্যমে জন্ম-মৃত্যু, আগমন-বর্হিগমন, বিবাহ-তালাক সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে। এছাড়া পাট ও আউশের নমুনা কর্তন তালিকা, বন জরিপ ও ভূমি ব্যবসা ও সেচ পরিসংখ্যান জরিপের তথ্য ও আউশ ফসলের হিসাব, মূল্য ও উৎপাদন খরচ জরিপ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য, কালিগঞ্জ,সাতক্ষীরা\| |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২০। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br><br>সভায় জানানো হয় যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের অবকাঠামো ২টি প্রকল্পের প্রস্তাবনা পাশ হয়েছে। ইতোমধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অতিদ্রুত কাজ শুরু করা হবে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফকে তার কাজের অগ্রগতির প্রশংসা করে ধন্যবাদ জানান। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ রাউন্ডের ২টি অবকাঠামো প্রকল্পের কাজ অতিদ্রুত ও যথাযথভাবে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২২। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br><br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম জানান যে, প্রতি বছর শীত মৌসুমে প্রতিটি এলাকায় ব্যাডমিন্টন খেলার আয়োজন করা হয়। এ সময় দেখা যায় যে, বেশি অংশ ব্যাডমিন্টন খেলায় অবৈধভাবে হুক লাগিয়ে বিদ্যুতিক সংযোগ নেওয়া হয়। এর ফলে অনাকাংখিত দূর্ঘটনা ঘটে। তাই অনাকাংখিত দূর্ঘটনা ও অবৈধ হুক লাগিয়ে বৈদ্যুতিক সংযোগ রোধে প্রতিটি ইউনিয়নে সকলকে সচেতন ও প্রচার প্রচারণা করার জন্য ইউনিয়ন চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি এলাকায় ব্যাডমিন্টন খেলায় অবৈধ হুক লাগিয়ে বৈদ্যুতিক সংযোগ ও অনাকাংখিত দূর্ঘটনা রোধে সকলকে সচেতন ও প্রচার প্রচারণা করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৩। উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br><br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক বা প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br><br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী সভায় জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন যে সকল স্লুইচ গেটের পাটাগুলো নষ্ট হয়ে গেছে সেগুলো অতিদ্রুত নতুন পাটা/মেরামত করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, উপজেলার সামনে থেকে পাউখালী, পিরোজপুর হয়ে মৌতলা পর্যন্ত পানি উন্নয়ন বোর্ড চরযমুনা খনন করতে গিয়ে যমুনার পাশ দিয়ে বাইপাস সড়কটি নষ্ট করে ফেলেছে। তাই বাইপাস সড়কটি অতিদ্রুত মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য অনুরোধ জানান। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলার সামনে থেকে পাউখালী, পিরোজপুর হয়ে মৌতলা পর্যন্ত বাইপাস সড়কটি মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

২৫। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ

(ক) উপজেলা বিএডিসি (বীজ বিপনন) বিভাগের কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ২০২৩-২৪ সনে বোরো ধান চাষাবাদের জন্য ৬০০০ কেজি বীজ মজুদ আছে। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সরকারী নির্ধারিত মূল্যে কৃষকদের নিকট বিতরণ করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

(খ) উপজেলা বিএডিসি (সেচ) বিভাগের কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে খাল পুনঃখনন, রেন ওয়াটার হার্ভেষ্টার ও বারিড পাইপের কাজ চলমান আছে। এ সময় সভার সভাপতি মহোদয় বলেন, রতনপুর ইউনিয়নের লাউতলি খাল, কলকলি খাল ও মৌতলা ইউনিয়নের লক্ষীনাথপুরে বারিড পাইপের প্রয়োজন। উক্ত খালগুলোতে বারিড পাইপ স্থাপন করে বর্ষা মৌসুমে স্বাদু পানি ধরে রেখে প্রচুর পরিমাণ কৃষি খাদ্য শস্য উৎপাদন করা সম্ভব। এছাড়া বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

(ক) যে সকল ইউনিয়নে চাষীরা বোরো ধানের চাষাবাদ করতে ইচ্ছুক তাদেরকে সরকারী নির্ধারিত মূল্যে উপজেলা বিএডিসি (বীজ বিপনন) বিভাগ থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

(খ) রতনপুর ইউনিয়নের লাউতলি খাল, কলকলি খাল ও মৌতলা ইউনিয়নের লক্ষীনাথপুরে বারিড পাইপ স্থাপন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকুপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোঃ সাজ্জিদুর রহমান, পিং-মৃত আয়নুদ্দীন | ফরিদপুর | যোগ্য |
| ২. | মোঃ ফজলুর রহমান, পিং-মৃত আঃ গফুর | মুকুন্দমধুসূদনপুর | যোগ্য |
| ৩. | অরুন কুমার ঘরামী, সত্যেন্দ্রনাথ ঘরামী | মুকুন্দপুর | যোগ্য |
| ৪. | আনারুল হক, সমসের গাজী | ফরিদপুর | যোগ্য |
| ৫. | মোঃ কবির হোসেন, পিং-মোঃ শওকাত কারিকর | ফতেপুর | যোগ্য |

সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা।

২৬। উপজেলা আনসার ভিডিপির কার্যক্রম ঃ

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা

২৭। উপজেলা আইসিটি বিভাগের কার্যক্রম ঃ

সভায় জানানো হয় যে, গ্রামকে শহরে রুপান্তর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতিটি উপজেলায় একটি করে সরকারী ওয়েবপোর্টাল রয়েছে। এই ওয়েবপোর্টালের মাধ্যমে বাংলাদেশ সহ পৃথিবীর যেকোন স্থান থেকে গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা সম্পর্কে সকল তথ্য পাওয়া যায়। এরই ধারাবাহিকতায় এ উপজেলায়ও একটি সরকারী ওয়েবপোর্টাল রয়েছে। কিন্তু দুঃখের বিষয় এই ওয়েবপোর্টালে উপজেলার সকল তথ্যসহ প্রতিটি দপ্তরের কার্যক্রম হালনাগাদ নাই। এর ফলে এ উপজেলার সঠিক তথ্য পাওয়া যায় না। এতে করে সরকারী উর্দ্ধতন কর্তৃপক্ষ সহ কালিগঞ্জ উপজেলাবাসী বিভিন্ন উন্নয়ন প্রকল্পসহ তাদের প্রয়োজনীয় তথ্য জানতে পারছে না। ফলে সরকারের ভাবমুর্তি সহ উপজেলা প্রশাসনের ভাবমুর্তি ক্ষুন্ন হচ্ছে। তাই অতিদ্রুত সকল বিভাগের দাপ্তরিক কার্যক্রম বিভিন্ন উন্নয়ন প্রকল্পের তালিকা স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালসহ উপজেলা ওয়েবপোর্টালে আপলোড করার জন্য বিস্তারিত আলোচনা হয়।

(১) সকল দপ্তরের কার্যক্রম ও উপজেলা পরিষদের চলমান প্রকল্প সহ উন্নয়ন প্রকল্পের তালিকা ও ভাতাভোগীদের তালিকা আগামী ৩০/১২/২০২৩ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালসহ উপজেলা পরিষদের ওয়েবপোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(২) সকল বিভাগের কার্যক্রম ওয়োবপোর্টালে আপলোড নিশ্চিত করার জন্য সহকারী প্রোগ্রামার উপজেলা আইসিটি বিভাগ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

১। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি বিভাগ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

২। সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তাবৃন্দ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

২৮। বিবিধ

(ক) আলোচনা ঃ কালিগঞ্জ উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ি নং সাতক্ষীরা-ক-৬ অকেজো ঘোষণার লক্ষে তথ্য প্রেরণ সংক্রান্ত ঃ

সভায় জানানো হয় যে, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.১৬.০০৩.২৩-৬০৫(ক) তারিখ ১৫/১০/২০২৩ এবং জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার স্মারক নং ০৫.৪৪.৮৭০০.০০৭.১৮.০০৬.২৩-৬৮৫ তারিখ ২৫ অক্টোবর ২০২৩ মুলে কালিগঞ্জ উপজেলা পরিষদের অবুকূলে বরাদ্দকৃত(১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপগাড়ি নং সাতক্ষীরা-ক-৬ অকেজো ঘোষণার লক্ষে উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসহ তথ্য প্রেরণের জন্য প্রস্তাব পাওয়া গেছে। যা বিগত ২৯/১০/২০২৩ তারিখ উপজেলা পরিষদ সভায় আলোচনা ও সিদ্ধান্ত হয় । কিন্তু ভুলক্রমে প্রস্তাব ও সিদ্ধান্ত উক্ত তারিখের সভায় রেজুলেশনে অন্তর্ভুক্ত হয়নি। বিয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ।

সিদ্ধান্ত ঃ কালিগঞ্জ উপজেলা পরিষদের পুরাতন (১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপগাড়ী নং সাতক্ষীরা- ক - ৬ দীর্ঘদিন পূর্বেই পরিত্যাক্ত / অকেজো হওয়ায় জীপগাড়ীটি কালিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারীর অভ্যন্তরে রয়েছে। জীপগাড়ীটি দীর্ঘদিন পড়ে থাকায় একেবারে নষ্ট হয়ে মাটির সাথে মিশে যাবার উপক্রম হয়েছে বিধায় এ উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ী নং সাতক্ষীরা-ক-৬ অকেজো ঘোষণার প্রস্তাব সুপারিশসহ জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(খ) বিষয় ঃ দেশব্যাপী গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলায় বাজার উন্নয়নের অনুমতি প্রদান প্রসংগে

উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা-এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ''দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প ( ১ম সংশোধিত)"-এর আওতায় অত্র উপজেলাধীন ''কুশুলিয়া হাটের" উন্নয়নের নিমিত্ত জমির প্রাপ্যতাসহ তথ্য প্রদানের জন্য জেলা প্রশাসক,সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ০৬ নভেম্বর ২০২৩ তারিখের ৭১৭ নং স্মারক মুলে প্রস্তাব প্রেরণের জন্য পত্র পাওয়া যায়। বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক তথ্য প্রদানের জন্য সহকারি কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে তিনি সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তার মাধ্যমে তদন্ত করে সহকারি কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা কার্যালয়ের ১২/১১/২০২৩ তারিখে ২৬৫০ নং স্মারকে প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, পেরীফেরীভুক্ত কুশুলিয়া হাটটি ১৭৭ নং কুশুলিয়া মৌজার আর,এস ০১ নং খতিয়ানের ২০৬৩ দাগের ২.৩৭ একর (হাট শ্রেনীভুক্ত) এবং ২০৬৬ দাগের ০.১৫৫০ একর (রাস্তা শ্রেনীভুক্ত) সর্বমোট ২.৫২৫০ একর জমির উপর অবস্থিত, তন্মধ্যে প্রায় ০.৮০ একর জমি তোহা বাজার হিসেবে ব্যবহৃত হয়। উক্ত হাট/ বাজারটি গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উন্নীত হওয়ার উপর্যুক্ত মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন। উক্ত প্রতিবেদন জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয় বরাবর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ১৫/১১/২০২৩ তারিখের ১৩১৯(যুক্ত) স্মারক মুলে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে পুনরায় জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ২২ নভেম্বর ২০২৩ তারিখের ৭৪৫ নং স্মারক মুলে দেশব্যাপী গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলায় বাজার উন্নয়নের জন্য কুশুলিয়া হাটের উন্নয়নের অনুমতি প্রদান সংক্রান্ত বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) এর সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভার কার্যাবিবরণী, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশ সম্বলিত কার্যবিবরণী, বিদ্যমান অবকাঠামোসহ প্রস্তাবিত মার্কেট ভবনের স্থান চিহ্নিত করে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার স্বাক্ষরসহ স্কেচ ম্যাপ এবং প্রস্তাবিত স্থানের ০৪ (চার) কপি ছবিসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প ( ১ম সংশোধিত) -এর আওতায় অত্র উপজেলাধীন ''কুশুলিয়া হাট/ বাজারটি" গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উন্নীত হওয়ার উপর্যুক্ত হওয়ায় প্রকল্পভুক্ত করার জন্য সুপরিশসহ অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৩) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৪) চেয়ারম্যান, কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩-১৩৭৫

তারিখ : ২৯/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ----------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব -----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৯/১১/২০২৩
রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৯/১১/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ডাঃ মোঃ বুলবুল কবীর পক্ষে | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৪ | জনাব ডাঃ শংকর কুমার দে | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ৫ | পক্ষে জনাব শামসুল আলম | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ৭ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৮ | জনাব আজিজুর রহমান পক্ষে | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৮ | জনাব ডাঃ প্রবীর কুমার মুর্খাজী | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৯ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ৯ | জনাব মিস তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০ | জনাব এনামুল হোসেন পক্ষে | চেয়ারম্যান, তারালি ইউপি | | ১০ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১২ | জনাব মোঃ জুয়েল হোসেন | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব মোঃ জাহিদুর রহমান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ১৪ | জনাব মোঃ বাকী বিল্লাহ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব শুভেন্দু বিশ্বাস | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব অসিম মন্ডল | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ২ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৩ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| ৪ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ৪ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ৫ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ৬ | জনাব নুর ইসলাম কাগুজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| | | | | ৭ | জনাব মিনারা আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, কালিগঞ্জ |